


আসন্ন বোরো মৌসুমে সেচ পাম্প মালিক/প্রতিষ্ঠান/সমিতি কর্তৃক বিঘা প্রতি উপজেলা সেচ কমিটির নির্ধারিত হারে সেচচার্জ গ্রহণ সংক্রান্ত।

এতদ্বারা নওগাঁ সদর উপজেলার সকল ইউনিয়নের অন্তর্গত সেচ পাম্প মালিক/প্রতিষ্ঠান/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোরো মৌসুমে সাধারণ কৃষকদের নিকট হতে অতিরিক্ত হারে সেচচার্জ গ্রহণ করা হয়ে থাকে, এতে সাধারণ কৃষকদের উৎপাদন খরচ বৃদ্ধি পাচ্ছে, ফলে কৃষকগণ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং কৃষি উৎপাদনে আর্থিক হারিয়ে ফেলছে। গত অর্থ বছরে নওগাঁ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিদ্যুতায়িত এবং ডিজেল চালিত গভীর ও অগভীর নলকূপের সেচ খরচ হিসাব করে আসন্ন বোরো মৌসুমে উপজেলা সেচ কমিটি কর্তৃক ইউনিয়ন ভিত্তিক সর্বোচ্চ সেচ হার নির্ধারণ করা হয়েছে।

সংশ্লিষ্ট ইউনিয়নের বিভিন্ন গভীর/অ-গভীর নলকূপের বিঘাপ্রতি ধার্যকৃত সেচচার্জ মাটির গঠন প্রকৃতি অনুযায়ী কম বা বেশী হতে পারে, তবে সর্বোচ্চ হার কোন ক্রমেই ধার্যকৃত হারের অধিক হবে না। গভীর/অ-গভীর নলকূপের সকল কৃষকদের নিয়ে আলোচনা সাপেক্ষে সর্বসম্মতিক্রমে প্রকৃত খরচের উপর ভিত্তি করে বিঘাপ্রতি সেচ হার নির্ধারণ করতে হবে। কোন কারণে যে কোন ইউনিয়নের গভীর/অ-গভীর নলকূপে ধার্যকৃত সেচচার্জ অপেক্ষা অতিরিক্ত সেচচার্জ নেয়ার প্রয়োজন হলে সংশ্লিষ্ট স্কীমের কৃষকদের নিয়ে আলোচনা সভা করে সঠিক কারন উপস্থাপন পূর্বক রেজুলেশন করে উপজেলা সেচ কমিটিকে অবহিত করতে হবে। নির্ধারিত সেচ চার্জ অপেক্ষা বর্তমানে যে সমস্ত গভীর/অগভীর নলকূপ স্কীমে সেচ চার্জ কম নেয়া হয়ে থাকে সেই সকল স্কীমে পূর্বের ন্যয় একই হারে সেচ চার্জ গ্রহণ করতে হবে। সেচচার্জ বাবদ কোন ক্রমেই ধান বা অন্যকোন কৃষিপণ্য গ্রহণ করা যাবে না।

ক্রঃ নং	উপজেলা	ইউনিয়ন	বিএমডিএ ও ব্যক্তিগত বিদ্যুৎ চালিত গভীর/অগভীর নলকূপের জন্য ২০২০-২১ অর্থ বছরে বোরো মৌসুমে বিঘাপ্রতি ধার্যকৃত সর্বোচ্চ সেচচার্জ	ব্যক্তিগত ডিজেল চালিত গভীর/অ-গভীর নলকূপের জন্য ২০২০-২১ অর্থ বছরে বোরো মৌসুমে বিঘাপ্রতি ধার্যকৃত সর্বোচ্চ সেচচার্জ
১	২	৩	৪	৫
১	নওগাঁ সদর	বলিহার	১৩০০.০০	১৭০০.০০
২	নওগাঁ সদর	শিকারপুর	১৩০০.০০	১৭০০.০০
৩	নওগাঁ সদর	হাঁসাইগাড়ী	১২০০.০০	১৬০০.০০
৪	নওগাঁ সদর	চন্ডিপুর	১২০০.০০	১৬০০.০০
৫	নওগাঁ সদর	হাপানিয়া	১৪০০.০০	১৮০০.০০
৬	নওগাঁ সদর	দুবেলহাটি	১৪০০.০০	১৮০০.০০
৭	নওগাঁ সদর	পৌরসভা	১২০০.০০	১৬০০.০০
৮	নওগাঁ সদর	শৈলগাছী	১২০০.০০	১৬০০.০০
৯	নওগাঁ সদর	বজারপুর	১৩০০.০০	১৭০০.০০
১০	নওগাঁ সদর	কির্তীপুর	১৪০০.০০	১৮০০.০০
১১	নওগাঁ সদর	বোয়ালিয়া	১২০০.০০	১৬০০.০০
১২	নওগাঁ সদর	তিলকপুর	১২০০.০০	১৬০০.০০
১৩	নওগাঁ সদর	বর্ষাইল	১৩০০.০০	১৭০০.০০



(মির্জা ইমাম উদ্দিন)

সভাপতি

উপজেলা সেচ কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

নওগাঁ সদর, নওগাঁ।